# দিনাজপুর সদর উপজেলার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) কমিটির সেপ্টেম্বর/২০১৯ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | :মোঃ ফিরুজুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>দিনাজপুর সদর, দিনাজপুর। |
| তারিখ | : ১২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ |
| সময় | : সকাল-১০:০০ ঘটিকা। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ। |

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর আগস্ট/২০১৯ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ দিনাজপুর সদর উপজেলায় অনেক শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে তন্মধ্যে কেবলমাত্র ৮টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ক্লাশ কার্যক্রম চলছে। পরিদর্শন দৃষ্টে দেখা যায় অনেক শিক্ষা প্রতিষ্টানের ল্যাব কাগজ/কপড় দিয়ে মুরে রাখা হয়েছে। কোন কাজ বা ব্যবহার করা হচ্ছে না। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুরকে শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শনপূর্বক ডিজিটাল ল্যাব ক্লাশ সচল রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বর্তমানে দিনাজপুর সদর উপজেলার ১০টি ইউ.পি ডিজিটাল সেন্টার ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শনপূর্বক নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিলের জন্য সহকারী প্রোগ্রামার, দিনাজপুর সদর, দিনাজপুরকে অনুরোধ করা হলো। সেই সঙ্গে একসেবায় তথ্য আপলোড করার বিষয়েও নির্দেশনা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হলো।

ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোতে সেবার চার্ট তৈরী ও মূল্য সংযোজন করতে হবে। সেবা প্রদান সংক্রান্ত একটি রেজিস্ট্রার খুলে সেবা প্রদানের বিষয়টি রেজিস্ট্রারে এন্ট্রি করতে ইউডিসি উদ্যোক্তাদের বলা হলো। ইউডিসিগুলোতে বিকাশ সংযোগ চালু ও প্রচারের জন্য সংশ্লিষ্ট উদ্যোক্তাদের জানানো হলো। অনেক ক্ষেত্রে ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোতে মালামাল অপরিস্কার ও অপরিচ্ছন্ন অবস্থায় পরে থাকে। এক্ষেত্রে ইউডিসি উদ্যোক্তাদের দৃষ্টি আকর্ষনপূর্বক মালামাল যথাযথভাবে পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখার জন্য বলা হলো। ৫ (পাঁচ) বছরের উন্নয়ন চিত্র প্রতিটি ডিজিটাল সেন্টারে থাকতে হবে। নিয়মিত ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদকরণ, মুক্তিযোদ্ধাদের তথ্য আপলোড, হত-দরিদ্রদের তালিকা আপলোড, এলজিএসপি তালিকা আপলোড করার জন্য এবং জন্ম সনদে প্রদানে রেট নির্ধারণ করে জনসাধারণের সেবার মান উন্নয়নের জন্য অনুরোধ করা হলো।

ডিজিটাল উদ্ভাবনী মেলা/২০১৮ খ্রিঃ জেলা পর্যায়ে (১লা মার্চ, ২০১৮ হতে ৩মার্চ, ২০১৮ খ্রিঃ) অংশগ্রহণ করে **'প্যাভিলিয়ন-২'** ক্যাটাগরিতে দিনাজপুর সদর উপজেলা প্রশাসন প্রথম স্থান অর্জন করে। ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা- ২০১৮ জেলা প্রশাসন, দিনাজপুর এর আয়োজনে দিনাজপুর গোড়-এ-শহীদ বড় ময়দানে দিনাজপুর সদর উপজেলা প্রশাসন ৩১ নম্বর স্টল নিয়ে সফলভাবে অংশগ্রহণ করে। পরবর্তী মেলাগুলোতে যথাযথ প্রস্তুতি নিয়ে অংশগ্রহণের জন্য অত্র উপজেলাধীন সকল দপ্তর, সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং সকল ইউনিয়ন পরিষদকে জরুরী পদক্ষেপ গ্রহণসহ বিভিন্ন উদ্ভাবনীমূলক কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক অত্রাফিসে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

ইউনিয়ন পরিষদ হতে অনলাইনে অন্তর্ভূক্ত বিহীন ভূয়া জন্ম নিবন্ধন সনদ প্রদান রোধকল্পে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অসাধু ব্যক্তিদের ইউডিসি হতে বহিঃস্কার করা এবং ইউনিয়ন পরিষদ সচিবদেরকে পূঙ্খানুপুঙ্খভাবে যাচাই বাছাইয়ান্তে জন্ম নিবন্ধন সনদ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় ইউডিসি উদ্যোক্তাদের চাহিদা অনুযায়ী বিভিন্ন মালামাল রিপিয়ার ও নতুন মালামাল ক্রয় বাবদ নির্দিষ্ট পরিমাণ অর্থ নির্ধারণসহ প্রকল্প বরাদ্দ প্রদান করার বিষয়ে আলোচনান্তে যাচাই বাছাইপুর্বক একান্ত গ্রহণযোগ্য ইউনিয়নে প্রকল্প বরাদ্দ দেয়া হয়।

সহকারী প্রোগ্রামারকে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে নির্ধারিত ছকে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

## আলোচনায় গৃহীত সিদ্ধান্ত ও সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত কর্তৃপক্ষঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কতৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ইউডিসি পরিদর্শন ও সেবা প্রদান | ডিজিটাল সেন্টার পরিদর্শন ও প্রতিবেদন সংক্রান্ত আলোচনা হয়। ডিজিটাল সেন্টারগুলোতে নতুন ও উদ্ভাবনীমূলক সেবা প্রদানে উদ্যোক্তাদের আরও সচেষ্ট ও উদ্যোগী হওয়া প্রয়োজন। | ➢ নিয়মিত ইউডিসি পরিদর্শন করতে হবে।<br>➢ ডিজিটাল সেন্টারগুলোতে নতুন ও উদ্ভাবনীমূলক সেবা চালু করতে হবে।<br>➢ সেবার চার্ট প্রস্তুত করতে হবে। | ❖ উপজেলা নির্বাহী অফিসার<br>❖ সহকারী প্রোগ্রামার<br>❖ সংশ্লিষ্ট ডিজিটাল সেন্টার উদ্যোক্তা। |
| ২. | 'সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প' এর আওতায় কম্পিউটার ও আইটি সরঞ্জাম স্থাপন | তথ্য ও যোগযোগ প্রযুক্তি অধিদপ্তরের 'সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রষিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প' এর কম্পিউটার ও আইটি সরঞ্জাম স্থাপনের কাজ শেষ হয়েছে। দিনাজপুর সদর উপজেলার ৮টি শিক্ষা প্রতিষ্ঠান এর আওতায় রয়েছে। | ➢ কম্পিউটার ও আইটি বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে সহযোগীতা করতে হবে ও নিয়মিত পরিদর্শন করতে হবে। | ❖ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>❖ সহকারী প্রোগ্রামার<br>❖ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ৩. | ইউডিসি উদ্যোক্তাদের একসেবায় প্রতিবেদন আপলোড | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের একসেবা টুলে যে সব উদ্যোক্তা নিয়মিত আপলোড করে তাদের ধন্যবাদ জানানো হয়। (ইউডিসি একসেবায় গতমাসের প্রতিবেদন ছক- 'A' দ্রষ্টব্য) | ➢ সহকারী প্রোগ্রামার একসেবায় নিয়মিত তথ্য আপলোড হচ্ছে কিনা তা তদারকি করবেন। | ❖ সহকারী প্রোগ্রামার<br>❖ সংশ্লিষ্ট ইউডিসি উদ্যোক্তা |
| ৪. | ড্যাশবোর্ডে মাল্টিমিডিয়া ক্লাশরুমের অগ্রগতি | শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের দ্বারা ডিজিটাল কনটেন্ট তৈরী করে আধুনিক শিক্ষা কার্যক্রমকে অগ্রসর করার লক্ষ্যে মাল্টিমিডিয়া ক্লাশরুম মনিটরিং (http://mmc.e-service.gov.bd) এর জন্য নিয়মিত তদারিক করার বিষয়ে আলোচনা করা হয়। | ➢ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার ড্যাশবোর্ডে মাল্টিমিডিয়া ক্লাশরুমের অগ্রগতি নিয়মিত তদারিক করবেন এবং পরবর্তী সভায় তা উপস্থাপন করবেন। | ❖ উপজেলা শিক্ষা অফিসার<br>❖ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>❖ সহকারী প্রোগ্রামার |
| ৫. | ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ | উপজেলা ওয়েব পোর্টাল ও ইউনিয়ন পরিষদ ওয়েব পোর্টালে সংযুক্ত অফিসসমূহের তথ্য হালনাগাদ করণের বিষয়ে আলোচনা করা হয়। শতভাগ হালনাগাদ কার্যক্রমের জন্য সকল ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট অফিস প্রধানকে তাগিদ প্রদান করা হয়। | ➢ উপজেলা ওয়েব পোর্টালে সংযুক্ত অফিস সমূহ তাদের নিজ দায়িত্বে তথ্য সমূহ হালনাগদ করবে। সহকারী প্রোগ্রামর হালনাগাদকরণে সহযোগীতা করবেন। | ❖ উপজেলা ওয়েব পোর্টালে সংযুক্ত অফিস প্রধান<br>❖ সহকারী প্রোগ্রামার |

০১। একসেবায় যারা শতভাগ আয়ের তথ্য আপলোড করেনি তাদেরকে বিনা ব্যর্থতায় আগামী মাস হতে শতভাগ তথ্য আলোড করার জন্য অনুরোধ করা হলো।

০২। ওয়েব পোর্টালে তথ্য শতভাগ হালনাগাদ করার জন্য তাগিদ দেয়া হলো।

০৩। আয়ের বিভিন্ন ক্ষেত্র তৈরী করার জন্য বলা হলো এবং বিভিন্ন সেবা প্রদানের মূল্য তালিকা সেবার নামসহ উল্লেখ করার জন্য বলা হলো।

০৪। সকল উদ্যোক্তাদের সোনালী প্রিপেইড সিম ব্যবহার/সচল রাখার নির্দেশনা প্রদান করা হলো।

০৫। ইনোভেশন কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করার জন্য বলা হলো।

০৬। ইউনিয়নের সকল প্রকার উন্নয়নের চিত্র ওয়েব পোর্টালে আপলোড করার জন্য বলা হলো।

০৭। সকল নোটিশ ও রেজুলেশন ওয়েব পোর্টালে আপলোডের জন্য বলা হলো।

০৮। ভিজিএফ ও ভিজিডি পাওয়ার শর্তসমূহ ওয়েব পোর্টালে আপলোড ও নোটিশ বোডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

০৯। উদ্যোক্তাদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর এর তথ্য ওয়েব পোর্টালে সংযুক্ত করার জন্য বলা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

## একসেবা উদ্যোক্তা কার্যক্রম পর্যবেক্ষণ প্রতিবেদন ছক- 'A'

শুরুর তারিখ- ০১/০৮/২০১৯ শেষ তারিখ- ৩১/০৮/২০১৯

| জেলা | উপজেলা | ডিজিটাল সেন্টারের নাম | উদ্যোক্তার নাম | মোট আয় | মোট সেবা |
|---|---|---|---|---|---|
| দিনাজপুর | দিনাজপুর সদর | আউলিয়াপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: আলমগীর হোসেন | ২৬১০ | ১৪৫ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | আস্করপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: আরিফুল ইসলাম | ৫৫২৩ | ১৩৩ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | উথরাইল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: আবু সাঈদ চৌধুরী | ২৩৪৬৩ | ১৪৯৪ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | কমলপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: সাখাওয়াত হোসেন | ৬২৩৩০ | ১৫০৮ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | চেহেলগাজী ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মোছা: রেশমা খাতুন | ১০৯৫১ | ৪৬৫ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | ফাজিলপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: আরাফাত হোসেন | ১০৫৩০ | ২০৩ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | শশরা ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: আব্দুস সবুর | ৩৩৮০ | ৩২২ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | শেখপুরা ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: শামীম ইসলাম | ১০৭৩০ | ১০২৫ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | শংকরপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | মো: শরিফুল ইসলাম | ৪০৫০ | ৩৮০ |
| দিনাজপুর | দিনাজপুর সদর | সুন্দরবন ইউনিয়ন ডিজিটাল সেন্টার ০১ | সঞ্জিব রায় | ১৪৯২ | ১৯৫ |

## পরিশিষ্ট 'ক'

| সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ | | স্বাক্ষরিত (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর | „ |
| ২. | সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর, দিনাজপুর | „ |
| ৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | „ |
| ৪. | উপজেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | „ |
| ৫. | উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | „ |
| ৬. | চেয়ারম্যান, ২নং সুন্দরবন ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর | „ |
| ৭. | চেয়ারম্যান, ৩নং ফাজিলপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর | „ |
| ৮. | চেয়ারম্যান, ৫নং শশরা ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর | „ |
| ৯. | চেয়ারম্যান, ৭নং উথরাইল ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর | „ |
| ১০. | চেয়ারম্যান, ৮নং শংকরপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর | „ |
| ১১. | মোছাঃ ইরিন জামান, উদ্যোক্তা, ১নং চেহেলগাজী ইউ.পি, সদর, দিনাজপুর | „ |
| ১২. | মোছাঃ রেশমা খাতুন, উদ্যোক্তা, ১নং চেহেলগাজী ইউ.পি, সদর, দিনাজপুর | „ |
| ১৩. | মোছা: সাবিনা খাতুন, ৪নং শেখপুরা ইউ.পি, সদর, দিনাজপুর। | „ |
| ১৪. | মো: আব্দুস সবুর, উদ্যোক্তা, ৫নং শশরা ইউ.পি, সদর, দিনাজপুর | „ |
| ১৫. | মোছা: রওশন আরা, উদ্যোক্তা, ৫নং শশরা ইউ.পি, সদর, দিনাজপুর | „ |
| ১৬. | মো: আবু সাঈদ চৌধুরী, উদ্যোক্তা, ৭নং উথরাইল ইউ.পি, সদর, দিনাজপুর | „ |
| ১৭. | মোছা: শামিমা বানু লিজা, উদ্যোক্তা, ৭নং উথরাইল ইউ.পি, সদর, দিনাজপুর | „ |
| ১৮. | মোছাঃ ইফতিয়ারা খাতুন, উদ্যোক্তা, ৮নং শংকরপুর ইউ.পি, সদর, দিনাজপুর | „ |
| ১৯. | মো: সাখাওয়াত হোসেন, উদ্যোক্তা, ১০ নং কমলপুর ইউ.পি, সদর, দিনাজপুর | „ |
| ২০. | মোছা: কুলসুমা খাতুন, উদ্যোক্তা ১০ নং কমলপুর ইউ.পি সদর, দিনাজপুর | „ |
| ২১. | মোছা: মহচেনা খাতুন, উদ্যোক্তা, ৭নং উথরাইল ইউ.পি, সদর, দিনাজপুর | „ |

২৬/০৯/১৯

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নংঃ ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

২৩/০৯/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর।
www.dinajpursadar.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭৬৪.০০০.১১.০০৫.১৯. ১২৭৫ তারিখঃ ২৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থেঃ

১। মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৩ ও উপদেষ্টা, উপজেলা তথ্য ও প্রযুক্তি (আইসিটি) কমিটি, দিনাজপুর সদর, দিনাজপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি), দিনাজপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। উপজেলা ........................................................ অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর
৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক .................................................. কলেজ/উচ্চ বিদ্যালয়, সদর, দিনাজপুর।
৭। জনাব/বেগম ........................................................ দিনাজপুর সদর, দিনাজপুর।
৮। জনাব/বেগম .......................................... ও উদ্যোক্তা .........নং ............................ ইউ.পি, সদর, দিনাজপুর।
৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

২৩/০৯/১৯